স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট
**পাঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৯শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৬ই চৈত্র বুধবার ১৩৬৯ ইংরাজী 20th Mar. 1963 | ৪৩শ সংখ্যা




**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে বসে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO. 62354 OF 58

**খাস জনতা**

কেরোসিন কুকার

সুন্দর ব্যবস্থা ও বিপুলতা আনবে।

প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
১১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।**

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত. পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

**সহরবাসীর অপূর্ব্ব সুযোগ**

আমাদের উপর আপনার চাউল তৈয়ারীর ভার দিন। আমরা নিজ তত্ত্বাবধানে ধান সেদ্ধ করাইয়া ভাতের চাল, মুড়ির চাল তৈয়ারী করাইয়া দিই। বিস্তৃত বিবরণের জন্য যোগাযোগ করুন।

সৌরীন্দ্রমোহন চৌধুরী, রঘুনাথগঞ্জ ফাঁসীতলা অথবা মিঞাপুরের "দেবেন্দ্র চাউল ও আটা কলে।"

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৬ই চৈত্র বুধবার সন ১৩৬৯ সাল।

# বৃত্তি ও প্রবৃত্তি

—•—

জীবিকা নির্ব্বাহের জন্য যে কর্ম্ম গ্রহণ করা হয় তাহার নাম বৃত্তি।

সৎ বা অসৎ কার্য্য নিজের প্রকৃতি মত গ্রহণ করার অভিলাষের নাম প্রবৃত্তি। প্রবৃত্তি অনুসারে বৃত্তি গ্রহণকে উপলক্ষ্য করিয়া দেশে নানা প্রবাদ প্রচলিত আছে। যেমন—(১) "মুচির নাক নাই, শুঁড়ির কান নাই।" এই দুটি কথাতেই মুচি এবং শুঁড়ির বৃত্তি ও প্রবৃত্তি বর্ণনা করা হইয়াছে।

মুচি মৃত গবাদি পশুর দুর্গন্ধযুক্ত চামড়া লইয়া নিজেদের শিল্পাদি প্রস্তুত করে। 'মুচির নাক নাই' কথায় মুচি জাতি মাত্রেই যে নাসিকা-বিহীন ইহা বুঝায় না। যে মুচি বা অন্য জাতীয় লোক এই মুচিবৃত্তি গ্রহণ করে তার নাক থাকিলেও সে দুর্গন্ধে অস্থির হয় না। বেশ দুর্গন্ধের মধ্যে কাজ করিয়া যায়। নাক তাদের দুর্গন্ধ আঘ্রাণ করিয়া এমন অভ্যস্ত হইয়া উঠে যে চামড়ার দুর্গন্ধে তাহারা অসোয়াস্তি বোধ করে না।

"শুঁড়ির কান নাই" এই বাক্যে কেহ যেন না বোঝেন যে শুঁড়ি জাতি প্রত্যেকেই কানে কালা। শুঁড়ির ব্যবসা হইল মদ্য বিক্রয়। তাহার গ্রাহকগণ যখন তাহার দোকানে উপস্থিত হয় তখন বেশ সজ্ঞানে থাকে। মদ্য পানের পর যখন জ্ঞান লোপ হয় তখন শ্রাব্য অশ্রাব্য শ্লীল অশ্লীল বিবেচনা না করিয়া সঙ্গীত আলোচনা, পরস্পর গালাগালি, এমন কি দোকানের মালিকের মদ্যে জল মিশ্রণের দোষারোপ করিয়া শুঁড়ির মাতৃ-পিতৃ উচ্চারণ করিয়া অপ্রীতিকর বাক্যাদি বলিয়া থাকে। শুঁড়ি এইসব কথা যেন শুনিয়াও শোনে না। তাহার এইসব গ্রাহকই লক্ষ্মী আমদানী করিয়া দেয়। কাজেই এই সব অপ্রিয় গালি গালাজ হজম করার জন্য সকলে বলে 'শুঁড়ির কান নাই'।

বর্ণশ্রেষ্ঠ ব্রাহ্মণদের বৃত্তি যাজন কর্ম্মাদি। পুরোহিতকে যেমন অন্নপ্রাশন-বিবাহাদি শুভকার্য্যে যজমানের বাড়ী আসিতে হয়, তেমনি সর্ব্বাপেক্ষা হৃদয়বিদারক—পিতা যখন উপযুক্ত পুত্রের শ্রাদ্ধ করেন, তখন পৌরোহিত্য করা। এই বুক-ফাটা কাজ পিতা দ্বারা পুত্রের পিণ্ডদান মন্ত্র পুরোহিতকে উচ্চারণ করাইতেই হয়। এইখানে পুরোহিতের বৃত্তি ও প্রবৃত্তির পরীক্ষা দিতে হয়। হৃদয়বান ব্রাহ্মণ এই হৃদয়বিদারক কার্য্যে যজমান এর নিকট নিজের প্রাপ্য দাবি করিতে দেখিলেই ব্রাহ্মণকে লোভী, নির্দ্দয় প্রভৃতি আখ্যা দেওয়া হইয়া থাকে। মৃত পুত্রের বৈতরণী পার হওয়ার ধেনু-মূল্য যখন পুরোহিত দাবি করেন, তখন তাঁর হৃদয় ওজন করার সুযোগ পাওয়া যায়। কে দরদী এবং কে বে-দরদী পুরোহিত বেশ ধরা যায়।

গুরু, পুরোহিত শিষ্য ও যজমানের ভক্তির পাত্র। শিষ্য কিংবা যজমান গুরু ও পুরোহিতের পুত্রবৎ স্নেহ ও মমতার পাত্র। শিষ্য বা যজমান সদ্য পিতৃহীন হইয়া যে কি বিপন্ন হয়, তাহা ভুক্তভোগী মাত্রেই জানেন। এই বিপন্ন শিষ্য বা যজমানের নিকট নিজের ব্যবহারের জন্য বা ন'কড়া ছ'কড়ায় বিক্রয়লব্ধ অর্থ প্রাপ্তির জন্য শাস্ত্রের দোহাই দিয়া ভোগ-বিলাসের উপকরণ আদায় করা গুরু-পুরোহিতের পক্ষে কত হৃদয়হীনতার কার্য্য তাহা সকলেই স্বীকার করিবেন।

রামচন্দ্র যখন সীতা ও লক্ষ্মণ সহ বনবাসে তখন মহারাজ দশরথ মহাপ্রয়াণ করেন। ভরত চিত্রকূট পর্ব্বতে গিয়া জ্যেষ্ঠ রামচন্দ্রকে পিতৃদেবের পরলোক গমন সংবাদ প্রদান করেন। ইহা সকলেই অনুভব করিতে পারিবেন—মহারাজ দশরথের শ্রাদ্ধাদি ক্রিয়া কি প্রকারে বিরাটভাবে সুসম্পন্ন হওয়ার কথা! রামচন্দ্র পিতৃবিয়োগ সংবাদ প্রাপ্তি মাত্র মহামুনি বশিষ্ঠদেবকে সংবাদ দিলেন। তিনি সংবাদ প্রাপ্তি মাত্র সদ্য ভাগ্যহীন রামচন্দ্রের নিকটে আসিয়া তাঁহার দগ্ধ হৃদয়ে সান্ত্বনা-বারি সিঞ্চন করিয়া ব্রাহ্মণের উদারতার পরিচয় দিলেন। বশিষ্ঠদেব শাস্ত্রের বিধান উল্লেখ করিয়া ব্যবস্থা দিলেন—রামচন্দ্র! তোমরা যে অবস্থায় আছ সেই অবস্থার উপযুক্ত শ্রাদ্ধ করাই শাস্ত্রবিহিত। তোমরা যা খাও পিতৃপিণ্ডে তাই প্রদান করিবে। তোমাদের পিতৃদেবের আত্মা তাহাতেই পরিতৃপ্ত হইবেন।

আমাদের মত অতি লোভী ব্রাহ্মণ কি ব্যবস্থা করিতেন শুনুন—রামচন্দ্র! তুমি ও লক্ষ্মণ উভয়ে ধনুর্ব্বাণ লইয়া যাও কুবেরের ভাণ্ডার জয় করিয়া আনিয়া এই অরণ্যেই দানসাগর ক্রিয়া সমাপন কর। সোনার ষোড়শ দান ভিন্ন মহারাজ দশরথের শ্রাদ্ধ শোভা পায় না।

বশিষ্ঠের আদেশে লক্ষ্মণ বনের তিল, বনের ফল, বনের ফুল ইত্যাদি উপকরণ সংগ্রহ করিয়া আনিলেন। রামচন্দ্র এইসব দ্রব্য, যাহা দ্বারা তাঁহারা প্রত্যহ ক্ষুন্নিবৃত্তি করেন তাই পিণ্ডাকারে হস্তে লইয়া মন্ত্র উচ্চারণ করিলেন—

**ইদং ভুঙ্ক্ষ মহারাজ!**
**প্রীতো যদশনা বয়ম্।**
**যদন্নঃ পুরুষো রাজন্!**
**তদন্নাঃ পিতৃ দেবতা।**

সদ্‌বৃত্তি সম্পন্ন বশিষ্ঠদেব মহারাজ দশরথের পুত্র রামচন্দ্রকে তাঁহার অবস্থার উপযুক্ত পিতৃশ্রাদ্ধের ব্যবস্থা দিলেন, শ্রাদ্ধকর্ত্তা অবনত মস্তকে মুনিবাক্য মানিয়া লইলেন।

আমাদের দুঃখিনী ভারতমাতার সেবার ভার পড়িয়াছে খুব সাংঘাতিক বৃত্তিধারী ও প্রবৃত্তিসম্পন্ন উদারচরিত মহাপুরুষগণের হস্তে। ইঁহাদের মধ্যে উচ্চপদাধিষ্ঠিত অধিকাংশ মহামানবই ব্যবহারজীবী। তাঁহাদের বৃত্তি আইন ব্যবসায়। আমরা নিজের ভাষায় ইঁহাদের বৃত্তি বা প্রবৃত্তির কথা না বলিয়া ইঁহাদের সমব্যবসায়ী স্বর্গত প্রবীণ আইনজীবী ভূপেন্দ্রনাথ বসু মহাশয়ের উক্তি উদ্ধৃত করিতেছি। তিনি তাঁহার স্ব-সম্প্রদায়ভুক্তগণকে লাইসেন্সপ্রাপ্ত দস্যু (লাইসেন্সড্ ফ্রি বুটারস্) বলিতে ইতস্ততঃ করেন নাই। কবি উকিল স্বর্গত রজনীকান্ত সেন তাঁহার উকিল শীর্ষক কবিতায় প্রথমেই বলিয়াছেন:

"আমরা জজের প্লীডার
যত পাবলিক মুভমেণ্টের লীডার
আউয়ার কন্‌সেন্স ইজ্ এ মার্কেটেবল
থিং উই সেল টু দি হাই-এষ্ট বিডার।"

———

## হাড়ের ডিপো

মিঞাপুরে রেলওয়ে লেভেল ক্রসিং এর দক্ষিণে কিছু দূরে রেল লাইনের বাম পার্শ্বে উন্মুক্ত স্থানে জনৈক ব্যবসায়ী হাড়ের ডিপো করিয়াছেন। হাড়ের দুর্গন্ধে নিকটস্থ অধিবাসীগণ ও পথিকগণ উত্তিষ্ঠ হইয়াছেন। ইহা স্বাস্থ্যের পক্ষে ক্ষতিজনক। সরকারী স্বাস্থ্য-বিভাগের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## জাতীয় প্রতিরক্ষা সপ্তাহ

গত ১৬ই মার্চ্চ শনিবার ভোর ৫-৩০ মিনিটে প্রভাত-ফেরী, বৈকাল ৫ ঘটিকায় রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি হলে "পরিকল্পনা ও প্রতিরক্ষা" প্রদর্শনীর উদ্বোধন ও নাগরিক দিবসের সভায় সভাপতিত্ব করেন জঙ্গিপুরের মহকুমা শাসক শ্রীঅমলকৃষ্ণ গুপ্ত মহাশয়। সভার শেষে সন্ধ্যা ৭ ঘটিকার সময় সরকারী প্রচার বিভাগের লোকরঞ্জন শাখার শিল্পীগণ কর্ত্তৃক "দেশের ডাক" নৃত্য-নাট্যাভিনয় অভিনীত হয়। শিল্পীগণের নৃত্যানুষ্ঠান সুন্দর হইয়াছিল। প্রায় পাঁচ সহস্রাধিক লোকের সমাবেশ হইয়াছিল।

১৭ই মার্চ্চ যুবদিবস, ১৮ই মার্চ্চ কৃষি ও সমবায় দিবস, ১৯শে মার্চ্চ স্বল্প সঞ্চয় ও গ্রাম-স্বেচ্ছা-সেবা দিবস এর সভানুষ্ঠান হইয়াছে। ১৯শে মার্চ্চ রাত্রিতে বিখ্যাত কবি-গায়ক শ্রীগুমানী দেওয়ান ও শ্রীলম্বোদর চক্রবর্ত্তীর কবিগান শুনিবার জন্য প্রায় পাঁচ। ছয় হাজার লোক সমবেত হইয়াছিল। কবি-গান শুনিয়া অনেকেই মুগ্ধ হইয়াছেন।

---

## বার্তা বহনে পারাবত বাহিনী

যথোপযুক্ত যোগাযোগ ব্যবস্থার অভাবে বার্তা বহনের জন্য উড়িষ্যায় রাজ্য সরকারকে ১০৪৩টি কবুতরের একটি পারাবত বাহিনী রাখিতে হইয়াছে। উড়িষ্যা বিধানসভায় রাজ্যের স্বরাষ্ট্র-মন্ত্রী এই তথ্য জানান। এই সব কবুতরের রক্ষণা-বেক্ষণের জন্য সরকারকে বৎসরে কিঞ্চিদধিক ২০ হাজার টাকা ব্যয় করিতে হয়।

---

## দুই টাকার জন্য এক বৎসর সশ্রম কারাদণ্ড

উল্টাডাঙ্গা রেলওয়ে ষ্টেশনের নিকট জনৈক ট্রেণযাত্রীর পকেট হইতে ২৲ টাকা অপহরণের অপরাধে, শিয়ালদহের প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট আসামী রামচন্দ্র কুয়ারকে এক বৎসর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন। জেল হইতে মুক্তির পর দুই বৎসরকাল পুলিশের পর্যবেক্ষণাধীনে থাকার নির্দেশ দিয়াছেন। আসামী ইতিপূর্বেও এইরূপ অপরাধের জন্য কারাদণ্ডে দণ্ডিত হইয়াছিল।

---

## স্বল্প-সঞ্চয় সম্বন্ধে

"রাই কুড়াইয়া বেল হয়" প্রবাদ বহুদিন হ'তে এদেশে প্রচলিত আছে। অল্প অল্প সঞ্চয়ও যাহাতে মোটা টাকায় পরিণত হয় তজ্জন্য সরকার দেশে নূতন নূতন পরিকল্পনা প্রবর্ত্তন ক'রেছেন। মুর্শিদাবাদ জেলার স্বল্প-সঞ্চয় অর্গানাইজার শ্রীসত্যরঞ্জন দত্ত রঘুনাথগঞ্জে এসে সংশ্লিষ্ট ব্যক্তিগণের সঙ্গে এ বিষয়ে আলাপ আলোচনা করেছেন। অশিক্ষিত দিন-মজুরদের মধ্যে মৌখিক আলোচনা করতে হবে, বিজ্ঞাপন ও পুস্তিকা বিলি করে বিশেষ ফল হওয়ার সম্ভাবনা কম।

---

## তাড়ি পানে মৃত্যু

গত ৩রা মার্চ্চ আজিমগঞ্জের তাড়ির দোকানে তাড়ি পান করিয়া প্রায় ৫০ জন লোক অসুস্থ হইয়া পড়ে। তন্মধ্যে পাঁচজনের মৃত্যু হইয়াছে বলিয়া প্রকাশ।

---

## ঘটনাস্থলেই মৃত্যু

সহযোগী "মুর্শিদাবাদ বার্তা"র প্রকাশ—ধুলিয়ান এলাকার কুখ্যাত চোর শচীন্দ্র মণ্ডল কাঞ্চনতলা গরুর হাটে কোন হাজী সাহেবের বাড়ীতে রাত্রে চুরি করিতে ঢুকিলে, সজাগ পরিবেশের তৎপরতায় ঘটনাস্থলেই প্রাণ ত্যাগ করে।

---


**জাতীয় প্রতিরক্ষা তহবিলে মুক্তহস্তে দান করুন**


## পরীক্ষার্থীদের সুবিধার্থে দুই মাস মাইক বাজান বন্ধ

রাণাঘাটের মহকুমা শাসক মহোদয় ১৪৪ ধারা মতে রাণাঘাট ও শান্তিপুর এলাকায় দুই মাসের জন্য মাইক বা লাউডস্পীকার বাজান (দিনে বা রাতে) একেবারে বন্ধ করিয়া দিয়াছেন। জনসাধারণের অসুবিধা দূর করার জন্য ও বিভিন্ন পরীক্ষায় পরীক্ষার্থীর সুবিধার জন্য ঐরূপ আদেশ হওয়ায় জনসাধারণ আনন্দিত।

---


## জঙ্গীপুর-কৃষ্ণপুর এক্সপ্রেস বাস সার্ভিস

জঙ্গীপুর থেকে বহরমপুর, কৃষ্ণনগর, রাণাঘাট, কলিকাতা একই দিনে যাতায়াতের সুবর্ণ সুযোগ। ভোর ৩টায় জঙ্গীপুর থেকে গিয়ে দিনের কাজ সেরে রাত ১১॥০টায় কৃষ্ণপুর হ'য়ে ফিরা যায়।

—চলন্তিকা বাস সার্ভিস

---

**আবশ্যক**—রঘুনাথগঞ্জ প্রাথমিক বালিকা বিদ্যালয়ের জন্য একজন শিক্ষিকা আবশ্যক। শিক্ষণ শিক্ষা প্রাপ্ত ম্যাট্রিক অথবা সমযোগ্যতা সম্পন্ন প্রার্থীর আবেদন সর্বাগ্রে বিবেচনা করা হইবে। ৩১শে মার্চ, ১৯৬৩ তারিখের মধ্যে নিম্নলিখিত ঠিকানায় আবেদন করুন।

শ্রীঅবনীকুমার রায়, সম্পাদক
রঘুনাথগঞ্জ প্রাথমিক বালিকা বিদ্যালয়।
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

---

## পুরাতন দ্বিতল বাটী বিক্রয়

রঘুনাথগঞ্জ ফাঁসীতলায় হাসপাতালের উত্তর দিকে পুরাতন দ্বিতল বাটী (হোল্ডিং নং ৩২৪) বিক্রয় হইবে। রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে অনুসন্ধান করুন।



## বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
| --- | --- |
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |



আমেরিকায় আবিষ্কৃত

# ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১'১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## চ্যবনপ্রাশ

নিয়মিত সেবনে খাস, কাশ ও হাঁপানি রোগ চিরতরে নিরাময় হয়।

প্রাপ্তিস্থান—

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ